

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ / ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৭৯-আইন/২০২২/১৯২-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৪৯ এবং ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২১ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার-

(১) বিধি ৩ এর-

(ক) উপ-বিধি (১) বিলুপ্ত হইবে; এবং

(খ) উপ-বিধি (২) এর টেবিলের কলাম (১) এ উল্লিখিত ক্রমিক নং-০১ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ বর্ণিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“০১.	S০০১.১০	এসি হোটেল	১৫%
	S০০১.১০	নন এসি হোটেল	৭.৫%
	S০০১.২০	রেস্তোরাঁ (বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের তালিকাভুক্ত তিন তারকা বা তদূর্ধ্ব মানের আবাসিক হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট, মদের বার সম্বলিত হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট এবং মদের বার আছে এমন রেস্টুরেন্ট ব্যতীত)	৫% ”;

(২) বিধি ৫ এর-

(ক) উপ-বিধি (১) পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(১) উৎপাদনকারী ১৫ (পনেরো) শতাংশ হারে বা হ্রাসকৃত হারে বা সুনির্দিষ্ট কর আরোপিত রহিয়াছে এইরূপ কোনো পণ্য উক্ত হার বা সুনির্দিষ্ট কর উল্লেখপূর্বক ফরম মূসক-৬.৩ (কর চালানপত্র) এর মাধ্যমে সরবরাহ করিলে সেই ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।”; এবং

(খ) উপ-বিধি (৬) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৭) ও (৮) সংযোজিত হইবে, যথা:-

“(৭) আসবাবপত্রের উৎপাদক ১৫ (পনেরো) শতাংশ হারে মূসক প্রদর্শনপূর্বক রাজস্ব কর্মকর্তা প্রত্যয়িত ফরম মূসক-৬.৩ প্রদান করিলে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।

(৮) Electronic Fiscal Device (EFD)/Sales Data Controller (SDC) হইতে ইস্যুকৃত মূসক চালানপত্রে (ফিসক্যাল রিসিট) সরবরাহ গ্রহীতার নাম ও নিবন্ধন নম্বর উল্লেখ থাকা সাপেক্ষে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।”;

(৩) বিধি ৬ এর-

(ক) উপ-বিধি (১) এর প্রান্তস্থিত “।” চিহ্নের পরিবর্তে “:” চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা:-

“তবে, যদি সরবরাহ গ্রহীতা, প্রযোজ্য ক্ষেত্রে, অনিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তির নিকট হইতে সরবরাহ গ্রহণ করিয়া থাকেন, সেই ক্ষেত্রে প্রযোজ্য মূসক পরিশোধে সরবরাহ গ্রহীতা দায়ী থাকিবেন।”; এবং

(খ) উপ-বিধি (২) এর দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(ক) সরবরাহ গ্রহীতা উৎসে কর্তনকৃত বা আদায়কৃত মূসক পণ পরিশোধ সংশ্লিষ্ট কর মেয়াদ সমাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে নির্ধারিত অর্থনৈতিক কোডে সরকারি কোষাগারে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করিবেন;”;

- (৪) বিধি ৭ এর উপ-বিধি (৪) এ উল্লিখিত “পরবর্তী কর মেয়াদে” শব্দগুলির পরিবর্তে “পরবর্তী ৩ (তিন) কর মেয়াদে” শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে; এবং
- (৫) বিধি ৯ এর উপ-বিধি (১) এ উল্লিখিত “কেন্দ্রীয় দপ্তরের” শব্দগুলির পরিবর্তে “কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত ইউনিটের” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।
- ২। এই প্রজ্ঞাপন ০৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(কাজী ফরিদ উদ্দীন)
প্রথম সচিব (মুসক নীতি)